**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 07-04-2025**
**Time: 07:51-07:58 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিশ্ব স্বাস্থ্য দিবসে স্বাস্থ্যকর জীবনযাত্রার আহ্বান জানিয়েছেন এবং স্থূলত্ব বৃদ্ধির বিষয়ে সতর্ক করেছেন ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ উত্তর-পূর্বাঞ্চলে বিনিয়োগের লক্ষ্যে প্রচারের জন্য এন.ই.সি-র উচ্চস্তরীয় টাস্ক ফোর্সের আহ্বায়ক হিসেবে প্রথম বৈঠকে সভাপতিত্ব করেন ।**

**(৩) সাংসদ বিপ্লব কুমার দেব বলেছেন এক দেশ এক নির্বাচন হলে দেশের আর্থিক উন্নয়নে গতি আসবে ।**

**(৪) সন্তোষ ট্রফি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে ।**

**************************************************

**PM-World Health Day :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিশ্ব স্বাস্থ্য দিবসে আজ স্বাস্থ্যকর জীবনযাত্রার আহ্বান জানিয়েছেন এবং স্থূলত্ব বৃদ্ধির বিষয়ে সতর্ক করেছেন। প্রধানমন্ত্রী একটি সুস্থ বিশ্ব গড়ার প্রতি তাঁর অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। এক বার্তায় তিনি বলেন যে সরকার স্বাস্থ্যসেবার উপর জোর দেবে এবং জনগণের কল্যাণের বিভিন্ন দিকে বিনিয়োগ করবে।

#########Byte-PM########

*******************************

**CM-Meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ উত্তর-পূর্বাঞ্চলে বিনিয়োগের লক্ষ্যে প্রচারের জন্য এন.ই.সি-র উচ্চস্তরীয় টাস্ক ফোর্সের আহ্বায়ক হিসেবে প্রথম বৈঠকে সভাপতিত্ব করেন। ভার্চুয়ালি অনুষ্ঠিত এই বৈঠকে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় উত্তর-পূর্ব উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া, নাগাল্যান্ডের মুখ্যমন্ত্রী নেইফিউ রিও জি, মেঘালয়ের মুখ্যমন্ত্রী কনরাড সাংমা, সিকিমের মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাং প্রমুখ। বৈঠকে দেশীয় ও আন্তর্জাতিক বিনিয়োগকারীদের মধ্যে উত্তর-পূর্বাঞ্চলকে একটি পছন্দের বিনিয়োগ গন্তব্য হিসেবে গড়ে তোলার জন্য একটি কৌশলগত রোডম্যাপ প্রস্তুত করার সিদ্ধান্ত নেওয়া হয়।

*****************************

**One Nation One Election :**

সাংসদ বিপ্লব কুমার দেব বলেছেন এক দেশ এক নির্বাচন হলে দেশের আর্থিক উন্নয়নে গতি আসবে। দেশের মানুষের জন্য নির্বাচিত সরকার অনেক বেশী কাজ করতে সক্ষম হবে। সেই সঙ্গে দেশের অন্তিম ব্যক্তি পর্যন্ত সেই আর্থিক উন্নয়নের সুফল পৌছে দেওয়া যাবে। অল ত্রিপুরা আশা ফ্যাসিলিটেটরস ও আশা কর্মী অ্যাসোসিয়েশন এবং অল ত্রিপুরা অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকা অ্যাসোসিয়েশনের যৌথ উদ্যোগে আজ আগরতলা রবীন্দ্র শতবার্ষিকী ভবনে এক দেশ এক ভোট শীর্ষক এক দিবসীয় কনভেনশনে তিনি একথা বলেন।

######Byte-Biplab Kumar Deb#######

**********************************

**CM-World Health Day :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ড্রাগ, এইচ আই ভি সহ বিভিন্ন রোগ প্রতিরোধে জনগণকে আরও বেশী করে সচেতন করে তুলতে হবে। বিশ্ব স্বাস্থ্য দিবস উদযাপন উপলক্ষে হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার উদ্যোগে আজ উজ্জয়ন্ত প্রাসাদের সামনে আয়োজিত স্বাস্থ্য র‍্যালির সূচনা করে তিনি একথা বলেন। তিনি বলেন, চলতি বছরের বাজেটে

বিভিন্ন জেলায় নতুন করে প্রাথমিক চিকিৎসা কেন্দ্র গড়ে তোলার সংস্থান রাখা হয়েছে। খোলা হবে আধুনিক সুযোগ সুবিধা যুক্ত একটি চক্ষু হাসপাতাল। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার সভাপতি ডা. প্রদীপ ভৌমিক।

*******************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে এপ্রিল, রবিবার আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানের ১২১তম পর্বে দেশ ও বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। জনগণ এই অনুষ্ঠানের জন্য তাদের মতামত এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে পাঠাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামের মাধ্যমেও মতামত জানানো যাবে। এই পরামর্শ এমাসের ২৫ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

***************************

**Tribal Welfare Minister :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেব্বর্মা জানিয়েছেন, কেন্দ্রীয় সরকার রাজ্যে ছয়টি নতুন একলব্য বিদ্যালয় নির্মাণের অনুমোদন প্রদান করেছে। তিনি আজ নয়াদিল্লিতে জনজাতি কল্যাণ মন্ত্রকের সচিব বিভু নায়ার-এর সঙ্গে বৈঠক করেন।

****************************

**PHC Visit :**

তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস আজ ঊনকোটি জেলার রাজকান্দি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি পরিদর্শন করেন। স্বাস্থ্য কেন্দ্রটির পরিকাঠামো ও পরিষেবা সম্পর্কে খোঁজখবর নেন। তাছাড়া স্থানীয় জোনাল অফিসে এক বৈঠকে এলাকায় পানীয় জল, রাস্তাঘাট ইত্যাদি বিষয়ে আলোচনা করেন।

উপস্থিত ছিলেন A.D.C সদস্য ধীরেন্দ্র দেববর্মা, জেলা শাসক দিলীপ কুমার চাকমা প্রমুখ।

**************************

**Press Meet-DYFI, TYF :**

ডি.ওয়াই.এফ.আই–টি.ওয়াই.এফ বিভিন্ন দাবিতে আগামী ১৯শে এপ্রিল থেকে রাজ্য জুড়ে আন্দোলনে নামার সিদ্ধান্ত নিয়েছে। আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে ডিওয়াইএফআই-এর রাজ্য সভাপতি পলাশ ভৌমিক একথা জানান। সাংবাদিক সম্মেলনে টি ওয়াই এফ এর কেন্দ্রীয় কমিটির সভাপতি কৌশিক রায় দেব্বর্মাও বক্তব্য রাখেন।

****************************

**NSS-Blood Donation :**

রামঠাকুর পাঠশালা উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের এনএসএস ইউনিটের উদ্যোগে আজ থেকে শুরু হয়েছে সাত দিনব্যাপী বিশেষ এনএসএস শিবির। শিবিরের প্রথম দিনে বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় রক্তদান শিবির। উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য। শিবিরে প্রায় ৪৫ জন রক্তদাতা স্বেচ্ছায় রক্তদান করেন।

************************

**Update Akashvani :**

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**First Division :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সন্তোষ ট্রফি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে। উদ্বোধনী দিনে তিনটি খেলা হয়। নরসিংগড়ের টিআইটি মাঠে কসমোপলিটন ক্লাব ১৩০ রানে মৌচাক ক্লাবকে, মেলাঘরের মাঠে পোলস্টার ক্লাব ৮ উইকেটে ওল্ড প্লে সেন্টারকে এবং নরসিংগড়ের পিটিএ মাঠে শতদল সংঘ ৮৩ রানে চলমান সংঘকে পরাজিত করে।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ অংশত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে। উত্তর, উনকোটি ও ধলাই জেলার কোথাও কোথাও ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া ও বজ্র বিদ্যুৎসহ বৃষ্টি হতে পারে। দিনের তাপমাত্রা থাকবে সর্বনিম্ন ২৪ থোকে সর্বোচ্চ ৩৪ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১.২ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৬ ডিগ্রি সেলসিয়াস।

*****************************